জিহাদ থেকে প্রত্যাবর্তন করাও জিহাদের মতো।

আব্দুল্লাহ ইবন ‘আমর ইবন ‘আস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহ
আলাইহি ওয়াসাল্লাম বলেন, “জিহাদ থেকে প্রত্যাবর্তন করার নেকীও জিহাদে লিপ্ত থাকার মতোই।”
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

এ হাদীসটিতে ইবাদত আদায় করার সময় বান্দাদের ওপর আল্লাহর অনুগ্রহের বর্ণনা করা হয়েছে। যেমনিভাবে ইবাদতের জন্যে অগ্রসর হওয়ার সময় তাদের সাওয়াব ও বিনিময় দেওয়া হয়, অনুরূপভাবে তা আদায় করে ফেরার পথেও সাওয়াব ও বিনিময় দেওয়া হয়। এ কারণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়সাল্লাম সংবাদ দেন যে, যুদ্ধ থেকে প্রত্যাবর্তনকারী সাওয়াবের ক্ষেত্রে যুদ্ধকারীর মতোই। যেমনিভাবে মসজিদে গমনকারীর সাওয়াব লিপিবদ্ধ হয়, তেমনিভাবে মসজিদ থেকে পরিবারে ফেরার সময়ও সাওয়াব লিপিবদ্ধ করা হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/6387